

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর
সেগুনবাগিচা, ঢাকা- ১০০০।
www.masscommunication.gov.bd

নং ১৫.৫৬.২৬৬৬.০০২.১৬.৯৫.১৫-(পার্ট-১) / ৩৩৭

তারিখ: ৪৮ (০৯.২০১৯)


বিষয়: তৃণমূল পর্যায়ের জনগণের মতামত সম্বলিত আগস্ট-২০১৯ (২য় পক্ষ) মাসের ‘জনমত’ প্রতিবেদন প্রেরণ।

গণযোগাযোগ অধিদপ্তর দেশের ৬৪ জেলা এবং পার্বত্য এলাকার ৪ উপজেলাসহ মোট ৬৮ তথ্য অফিস থেকে প্রাপ্ত প্রত্যন্ত অঞ্চলের জনগণের মতামতের ভিত্তিতে মাসিক জনমত প্রতিবেদন তৈরি করে থাকে।

তথ্য কর্মকর্তাগণ দেশের প্রত্যন্ত অঞ্চলে মাননীয় প্রধানমন্ত্রীর ১০ টি বিশেষ উদ্যোগ (ব্র্যাডিং শেখ হাসিনা) বিষয়ক চলচিত্র প্রদর্শনী ও কুইজ প্রতিযোগিতা, ওরিয়েন্টেশন কর্মশালা, উন্মুক্ত বৈঠক, আলোচনা সভা, মহিলা সমাবেশ, মুক্তিযুদ্ধের চেতনায় দেশাত্মক সংগীতানুষ্ঠান এবং বিষয়ভিত্তিক সংগীতানুষ্ঠানের মাধ্যমে সাধারণ মানুষের কাছে শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, নিরাপদ মাতৃত্ব, শিশু ও নারী অধিকার, জঙ্গি দমন, মাদকবিরোধী এবং সরকারের সাফল্য অর্জন ও উন্নয়ন কর্মকাণ্ডের ওপর উদ্বৃদ্ধকরণ বার্তা প্রচার করে থাকে। এ সকল কর্মকাণ্ড বাস্তবায়ন করতে গিয়ে বিভিন্ন বিষয়ে তথ্য অফিসারদের সাথে সাধারণ মানুষের মতামতের একটি মিথস্ক্রিয়া ঘটে। এ মিথস্ক্রিয়ার মাধ্যমে বিভিন্ন পর্যায়ের ব্যক্তিবর্গের কাছ থেকে সংগৃহীত তথ্য এবং স্থানীয় সংবাদপত্রে প্রকাশিত সংবাদের ভিত্তিতে জনমত প্রতিবেদন তৈরি করা হয়।

জেলা তথ্য অফিসসমূহ থেকে প্রাপ্ত জনমতের আলোকে আগস্ট-২০১৯ (২য় পক্ষ) মাসের ‘জনমত’ প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রতিবেদনটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্সংগে প্রেরণ করা হলো।

সংযোজনী: প্রতিবেদন এক প্রস্তুতি।


০১.০৯.১৯
(মোঃ জাকির হোসেন)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
ফোন ৮৩৯২২৯৬।
dgmasscommunication@yahoo.com

সচিব

তথ্য মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিতরণঃ

- ০১। উপসচিব (তগ-২), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সহকারী রক্ষণাবেক্ষণ তত্ত্বাবধায়ক (ডিপ্লোমা), গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা (প্রতিবেদনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

আগস্ট-২০১৯ (২য় পক্ষ)

● জনমত শিরোনাম

- ২১ আগস্ট বর্বরোচিত গ্রেনেড হামলার ১৫তম বার্ষিকী পালিত।
জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি
- ডেঙ্গুজ্বরের ভাইরাসের বাহক এডিস মশার উপদ্রব এখনো কমেনি।
যথাযথ ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন জনসাধারণ
- নিত্যপণ্যের মূল্য স্থিতিশীল রাখতে নিয়মিত বাজার তদারকির ওপর
ভোগসাধারণের গুরুত্বারোপ
- ইলিশের দাম নিম্নমুখী হওয়ায় জনগণের স্বত্ত্ব প্রকাশ
- সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। মাদকবিরোধী অভিযান
জোরদার করার ওপর গুরুত্বারোপ



চলমান পাতা - ২

▣ ২১ আগস্ট বর্বরোচিত গ্রেনেড হামলার ১৫তম বার্ষিকী পালিত।
জড়িতদের দ্রষ্টান্তমূলক শাস্তির দাবি

- ২১ আগস্ট ইতিহাসের ভয়াবহ গ্রেনেড হামলার ১৫তম বার্ষিকী বিভিন্ন স্মরণ অনুষ্ঠানের মধ্য দিয়ে পালিত হয়েছে। বর্বরোচিত ভয়াবহ এ হামলায় বঙ্গবন্ধুর কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সেদিন তাৎক্ষণিক মানব বলয়ের কারণে বেঁচে যান। ঐ ঘটনায় প্রয়াত রাষ্ট্রপতি জিল্লার রহমানের সহধর্মীনীসহ ২৪ জন শহীদ হন। দিবসটিকে কেন্দ্র করে বিভিন্ন সংগঠন দোয়া মাহফিল, আলোচনাসভাসহ বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে বলে জনমতে জানা গেছে।
- নারকীয় এ হামলার ১৫তম বর্ষপূর্তি উপলক্ষে শোকার্ত জনগণ অপরাধীদের দ্রষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছে বলে জনমতে প্রকাশ। একইসঙ্গে, এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধে সরকার যথার্থ ব্যবস্থা গ্রহণ করবে বলে তারা আশাবাদ ব্যক্ত করেছে।

▣ ডেঙ্গুজ্বরের ভাইরাসের বাহক এডিস মশার উপদ্রব এখনো কমেনি।
যথাযথ ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন জনসাধারণ

- ডেঙ্গুজ্বরের বাহক এডিস মশার উপদ্রব এখনো কমেনি। মানুষের মধ্যে এখনও এডিস মশার আতঙ্ক বিরাজ করছে। গত ২৪ ঘন্টায় নতুন করে আরও ৭৬০ জন আক্রান্ত হয়েছে। এর মধ্যে ঢাকা শহরে ৩৪৯ জন ও ঢাকার বাইরে জেলা ও বিভাগীয় এলাকায় ৪১১ জন আক্রান্ত হয়েছে। তবে কীটতন্ত্র বিশেষজ্ঞদের মতে এডিস মশার উপদ্রব সেপ্টেম্বর মাসেও থাকবে। অক্টোবরে কিছুটা কমতে শুরু করবে।
- এদিকে এডিস মশা বাহিত ডেঙ্গুজ্বরের থ্রেকোপ বৃদ্ধি পাওয়ায় হাসপাতালগুলোতে ডেঙ্গুজ্বরে আক্রান্ত রোগীর ভিড় বেড়েছে। তাদের চিকিৎসায় গাইডলাইন, পরীক্ষা-নিরীক্ষা নিয়ে ডাক্তার এবং হাসপাতাল প্রশাসন সর্বোচ্চ সহযোগিতা ও চেষ্টা চালাচ্ছে।



চলমান পাতা-৩

▣ নিত্যপণ্যের মূল্য স্থিতিশীল রাখতে নিয়মিত বাজার তদারকির ওপর ভোক্তাসাধারণের গুরুত্বারোপ

- বাজারে নিত্য প্রয়োজনীয় পণ্য-সামগ্রীর মূল্য বৃদ্ধি পেয়েছে বলে জনমতে প্রকাশ। ঈদ-পরবর্তী সময়ে বাজারে পেয়াজ, রসুন, আদাসহ মাছ, মাংস, কাঁচা শাক-সবজির সরবরাহ কম থাকায় এগুলোর দাম বৃদ্ধি পেয়েছে। নিত্যপণ্যের মূল্য যাতে স্থিতিশীল থাকে সেলক্ষ্য নিয়মিত বাজার তদারকির ওপর জোর দিয়েছে সচেতনমহল।

▣ ইলিশের দাম নিম্নমুখী হওয়ায় জনগণের স্বন্তি প্রকাশ


- বাজারে ইলিশ মাছের দাম কিছুটা নিম্নমুখী হওয়ায় জনগণ স্বন্তি প্রকাশ করেছে বলে জনমত ও প্রতিক্রিয়ায় জানা গেছে। অভ্যন্তরীণ বাজারে ইলিশের সরবরাহ বেশি থাকায় ইলিশের দাম কিছুটা কম হয়েছে বলে জনমতে জানা গেছে। বাজার নিয়ন্ত্রণে সরকার আরো সফল হবে বলে জনসাধারণ আশাবাদ ব্যক্ত করেছে।

▣ সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। মাদকবিরোধী অভিযান জোরদার করার ওপর গুরুত্বারোপ

- দেশের সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক বলে জনমতে প্রকাশ। চলমান আইনশৃঙ্খলা পরিস্থিতি যাতে সমুন্নত থাকে সে-ব্যাপারে কার্যকর পদক্ষেপ গ্রহণের ওপর জোর দিয়েছে সুধীমহল।

- এদিকে, মাদকের অপব্যবহার প্রতিরোধে আইনশৃঙ্খলা বাহিনীর বিশেষ অভিযান সত্ত্বেও সীমান্তবর্তী কয়েকটি জেলায় মাদকের ভয়াবহতা দৃশ্যমান হচ্ছে বলে জনমতে জানা যায়। এসব জেলাসমূহে মাদক নিয়ন্ত্রণের জন্য বিশেষ অভিযান পরিচালনার পাশাপাশি মাদক ব্যবসায়ীদের গ্রেফতার করে আইনের আওতায় নিয়ে আসা প্রয়োজন বলে সচেতনমহল অভিমত ব্যক্ত করেছে।

তৈয়াব/হাতিনা/শুকলা/রীনা/প্রতিমা



Shukla
02/১১/১৯

শুকলা বনিক
জ্য ও ডকুমেন্টেশন অফিসার (অ.দা.)
গণমানণামোগ অবিদ্যুত